দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 JUL 2017
পৃষ্ঠা ... ৩ ... ১

# শিক্ষকদের বর্ধিত চাঁদা থেকে সরে আসছে মন্ত্রণালয়

**সিদ্ধান্ত স্থগিতের পক্ষে কল্যাণ ট্রাস্ট এবং অবসর সুবিধা বোর্ডের সদস্য সচিবও, পরবর্তী বৈঠকে চূড়ান্ত সিদ্ধান্ত**

■ ইত্তেফাক রিপোর্ট

এমপিওভুক্ত শিক্ষকদের অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টের বর্ধিত চাঁদা প্রত্যাহারের চিন্তাভাবনা করছে শিক্ষা মন্ত্রণালয়। আগামী সপ্তাহে এ ব্যাপারে মন্ত্রণালয়ে বৈঠক করে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। শিক্ষক সংগঠনের আন্দোলন কর্মসূচি ঘোষণার ফলেই মন্ত্রণালয় তাদের সিদ্ধান্ত থেকে সরে আসার বিষয়টি ভাবছে মন্ত্রণালয়।

শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তা জানিয়েছেন, বিষয়টি নিয়ে শিক্ষামন্ত্রীও বিব্রত। তাই এ ব্যাপারে বৈঠকের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এতদিন এই দুই বোর্ডের চাঁদা ৬ শতাংশ থাকলেও গত ১৫ ও ২০ জুন পৃথক দুইটি গেজেটে তা ১০ শতাংশ নির্ধারণ করা হয়। অবসরের জন্য ৪ শতাংশের বদলে ৬ শতাংশ আর কল্যাণ ট্রাস্টের জন্য ২ শতাংশের বদলে চাঁদা ৪ শতাংশ করা হয়। চাঁদা বাড়লেও শিক্ষকদের অবসর সুবিধা থাকবে আগের মতোই। এরপর থেকেই অসন্তোষ ছড়িয়ে পড়ে ৫ লাখ শিক্ষক-কর্মচারীর মধ্যে। বেশিরভাগ শিক্ষক সংগঠন আন্দোলন কর্মসূচিও ঘোষণা করেছে।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (মাউশি) অধিদপ্তর সূত্র জানায়, অবসর ও কল্যাণের চাঁদা বাড়াতে জুন মাসের ১৫ ও ২০ তারিখে গেজেট হয়েছে। সেই হিসেবে জুন মাসের বেতন থেকেই তা কাটার কথা। আর এই চাঁদার সমস্যা সমাধান না হওয়ায় এতদিন জুন মাসের বেতন আটকে ছিল। চলতি সপ্তাহে মন্ত্রণালয়ের মৌখিক সিদ্ধান্তের পর বাড়তি চাঁদা কাটা ছাড়াই শিক্ষকদের জুন মাসের বেতন-ভাতা (এমপিও) পাস হয়েছে। দুই একদিনের মধ্যেই বেতনের টাকা ছাড় হবে।

অন্যদিকে যে দুই শিক্ষক নেতার নেতৃত্বে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ ট্রাস্টের ১০ শতাংশ চাঁদা বৃদ্ধির সিদ্ধান্ত হয়, এবার তারাই এ সিদ্ধান্ত বাতিলের দাবিতে সংবাদ সম্মেলন করলেন।

গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবে স্বাধীনতা শিক্ষক পরিষদের (স্বাশিপ) ব্যানারে আয়োজিত সংবাদ সম্মেলনে এই দুই নেতা বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ ট্রাস্টের ১০ শতাংশ চাঁদা বৃদ্ধির গেজেট স্থগিতের দাবি জানান। শিক্ষা সচিব এই দুইটি প্রতিষ্ঠানের সভাপতি।

সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ শাহজাহান আলম সাজু কল্যাণ ট্রাস্টের সদস্য সচিব এবং সহ-সভাপতি অধ্যক্ষ শরীফ আহমেদ সাদী অবসর সুবিধা বোর্ডের সদস্য সচিব। তারা দুইজনে এই গেজেট প্রত্যাহারের দাবি জানান। সংবাদ সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন স্বাশিপের সভাপতি প্রফেসর ড. আব্দুল মান্নান চৌধুরী।

এদিকে অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টে অতিরিক্ত চাঁদা কেটে নেওয়ার মাধ্যমে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা কমিয়ে ফেলার ব্যবস্থা করা হয়েছে বলে অভিযোগ করেছে বাংলাদেশ শিক্ষক সমিতি ও জাতীয় শিক্ষক পরিষদের সমন্বয়ে গঠিত মাধ্যমিক স্কুল শিক্ষা লিয়াজোঁ কমিটি।

অতিরিক্ত চাঁদা কেটে নেওয়ার বিধান সম্বলিত জারি করা গেজেট প্রত্যাহারের দাবি জানিয়ে গতকাল বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে অবস্থান ধর্মঘট কর্মসূচি পালন করেছে লিয়াজোঁ কমিটি।

কমিটির আহ্বায়ক ড. মো. ইদ্রিস আলী বলেন, অবসর সুবিধা বোর্ড ও কল্যাণ ট্রাস্টে ৬ শতাংশের স্থলে ১০ শতাংশ চাঁদা কেটে নেওয়ার গেজেট জারি করেছে সরকার। এর মাধ্যমে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা কমিয়ে ফেলার ব্যবস্থা করা হয়েছে। অবিলম্বে এ গেজেট বাতিল করতে হবে।

এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন- লিয়াজোঁ কমিটির প্রধান উপদেষ্টা এস এম আ. জলিল, সদস্য সচিব প্রদীপ কুমার সাহা, যুগ্ম আহ্বায়ক ও বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব জমিস উদ্দিন আহমেদ, যুগ্ম আহ্বায়ক মো. নূরুল ইসলাম প্রমুখ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................
চীফ, পরিসংখ্যান বিভাগ
চীফ, ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর